দর্শনায় তীরধান দিবস ও লোকসংস্কৃতি বাউল মেলার উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় মরমী সাধক আফতাব শাহ স্মরণে ২৬তম তীরধান দিবস ও ৪ দিনব্যাপী লোকসংস্কৃতি (বাউল মেলা) উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৭টার দিকে আকন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর আগে বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গ্রাম বাংলার ঐতিহ্যবাহী লাঠিখেলা, হাডুডু খেলাসহ আরও কয়েকটি খেলা প্রদর্শন করা হয়। এসব খেলা দেখতে মেলার মাঠে হাজারো নারী-পুরুষ ও শিশু-কিশোরের ভিড় জমে।

উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠানে দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও বেগমপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা খাঁজা আবুল হাসনাত। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সমন্বয়ক আলহাজ্ব মো. মশিউর রহমান।

অতিথিরা বলেন, আকন্দবাড়িয়া বাউল পরিষদের এই আয়োজন সত্যিই প্রশংসনীয়। এই অনুষ্ঠান বাংলার ইতিহাস ও ঐতিহ্য ধরে রেখেছে, যা বর্তমান সময়ে খুবই বিরল। প্রতি বছরের মতো এবারও বাউল মেলা ও লোকজ সংগীতের আয়োজন করা হয়েছে, যেখানে রয়েছে বাউল সংগীত, যারি গান, যাত্রাপালা, লাঠিখেলা এবং বিভিন্ন স্টলসহ দেশের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের পরিচয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আয়োজক কমিটির সভাপতি, বিশিষ্ট বাউল শিল্পী ও সিনিয়র সাংবাদিক মনিরুজ্জামান ধীরু।

আবুল সরকারের মুক্তি ও বাউলদের নির্যাতনের প্রতিবাদে গাংনীতে গান গেয়ে মানববন্ধন

আবুল সরকারের মুক্তি ও বাউলদের উপর নির্যাতনের প্রতিবাদে বাদ্যযন্ত্র নিয়ে গান গেয়ে মানববন্ধন করেছেন মেহেরপুরের বাউল সম্প্রদায়ের লোকজন। এ সময় তাদের হাতে ছিল একতারা, দোতারা, হারমোনিয়াম, ঢোলসহ নানা ধরনের বাদ্যযন্ত্র।

আজ বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) বেলা ২টার সময় গাংনী উপজেলা শহরের কাঁচাবাজার এলাকায় তারা এই মানববন্ধন করেন। মানববন্ধনে গান পরিবেশন করেন আব্দুস সামাদ বাউল, ছন্নত বাউল, ভিকু বাউল ও মহিবুল বাউল।

মানববন্ধনে বাউল শিল্পী আবুল সরকারের নিঃশর্ত মুক্তি এবং বাউলদের উপর নির্যাতনের প্রতিবাদ জানানো হয়।

আবুল সরকারের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়ে বাউল সম্প্রদায় সংগঠনের সাধারণ সম্পাদক মজনুল হক বলেন, বাউল সম্প্রদায় সুরের মানুষ। আমরা কোনো ফ্যাসাদ বুঝি না, আমরা বুঝি ভালোবাসার মানবিক সমাজ। আমরা মনের মানুষের সঙ্গে মনের মিলন ঘটাতে চাই।

আমরা ভাই-ভাই জাতি, গোত্র, সম্প্রদায় মিলিয়ে আমরা সম্প্রীতির রাষ্ট্র চাই। সমাজে কোনো ধরনের অমানবিক কর্মকাণ্ড হোক, তা আমরা চাই না। আমাদের দেশ বহুজাতি, বহু মতের, বহু চেতনার দেশ। আমরা লালন করি বাউল দর্শন।

আবুল সরকার তার গানের মাধ্যমে অভিনয় করছিলেন। সেই গানের অভিনয়ের মধ্যে যদি ভাষার কোনো ভুলত্রুটি হয়ে থাকে, তাহলে তাকে ক্ষমা করার আহ্বান জানিয়েছিলাম। তারপরও বাউল আবুল সরকারকে ক্ষমা করা হয়নি। তাকে আটক করে মামলা দেওয়া হয়েছে।

আমরা মনে করি, এটি একটি ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড। আমরা এই

ষড়যন্ত্রমূলক মামলা প্রত্যাহার ও তার মুক্তি দাবি করছি। মানববন্ধনে বিভিন্ন এলাকার প্রায় ৩৫ জন বাউল অংশ নেন।

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে শরৎকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় আলমডাঙ্গার স্টেশনরোডে বাউল সাধুগুরু ফাউন্ডেশনের অফিসে পুরস্কার বিতরণী পূর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন, আলাউদ্দিন বাউল সাধুগুরু ফাউন্ডেশনের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলার সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, আপনারা যারা সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত তারা সবসময় নিজেদেরকে সঠিক পথে চলার চেষ্টা করেন। আমি আশা করবো আলমডাঙ্গা সাংস্কৃতিক অঙ্গনে আপনাদের উপস্থিতি সকলকে বিকশিত করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, একরামুদৌল্লা ঝিন্টু। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন পলাশ আহমেদ, ইয়ামিন আলী, শফিকুর রহমান জীবন, পলাশ আহমেদ, কবি সিদ্দিকুর রহমান, জয়ন্ত বিশ্বাস, রাজিব, ইসমাইল হোসেন, ইয়ামিন আলী, রফি উদ্দিন, বাবলু, প্রমুখ।

সংগঠনের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কে প্রধান অতিথি হিসেবে ক্রেস্ট তুলে দেয়া হয়। প্রধান অতিথি সকল শিল্পীদের বিশেষ পুরষ্কারে ভূষিত করেন।

[redacted]

[redacted]

[redacted]

[

বলেন, বেশ কিছুদিন তারা কর্মহীন হয়ে পড়ায় বিষয়টি আমি জানতে পেরে তাদের ডেকে খাদ্যসামগ্রী বিতরণ করেছি। আবারও সম্ভব হলে তাদের পাশে দাঁড়ানো হবে।

আলমডাঙ্গায় বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত

আলমডাঙ্গা কলেজ পাড়ার যুব সম্প্রদায় আয়োজিত বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে আলমডাঙ্গা শহীদ মিনার প্রাঙ্গনে যুব সম্প্রদায়ের পক্ষে হাসিবুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক।

এসময় তিনি বলেন, বাংলার আউল, বাউল সম্প্রদায় হচ্ছে বাংলার প্রকৃতি রুপ। বাউল সম্রাট লালনের অনুসারি যারা তারা বলেন সোনার মানুষ ভজলে সোনার মানুষ হবি।

আজ এই অনুষ্টানে সঙ্গিত পরিবেশন করবেন আলমডাঙ্গার কৃতি সন্তান দুই বাংলায় যিনি সমান ভাবে সমাদ্রিত সেই লোক সঙ্গিত শিল্পি আব্দুল লতিফ শাহ। যিনি ভারতের পুরস্কার প্রাপ্ত চলচিত্র মনের মানুষ ছবিতে লালনের চিরিত্রে প্রসেনজিৎ এর সব কটি গান লতিফ শাহ কন্ঠ দিয়েছেন, তাকে আমারা অভিনন্দন জানাই।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা পৌর সভার ৩ নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন।

রজবের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন বাউল শিল্পী লতিফ শাহ, সরকারি কলেজের প্রভাষক হাসিবুল হক, প্রভাষক জিয়াউর রহমান, নাট্যকার অভিনেতা রাজিবুল ইসলাম রাজিব, প্রভাষক মুরাদ হোসেন প্রমুখ।

সংগীত পরিবেশন করেন মঙ্গল, সহ বিশিষ্ট লোক সঙ্গিত শিল্পি বৃন্দ।

মেপ্র/আরপি